জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৫-২০১৬/ ৪০৭৮ তারিখ:১২/১১/২০১৭

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় পর্যায়ের ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ১৬ নভেম্বর ২০১৭ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২২ নভেম্বর ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ২৩ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের ভর্তির লক্ষ্যে তাদের স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত)/স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এর **Masters tab** এ **Admission Guideline** অথবা **Prospectus (Masters)** অপশন থেকে জানা যাবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

খ) ইতোপূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা যাদের প্রাথমিক আবেদন সংশ্লিষ্ট কলেজ নিশ্চয়ন করেনি, সে সকল শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে যাদের প্রাথমিক আবেদন নিশ্চয়ন হয়েছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি, সে সকল প্রার্থী এ ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে আবেদন করতে পারবে।

ঘ) ইতোপূর্বে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে **মাস্টার্স (নিয়মিত)** প্রোগ্রামের **ভর্তি কার্যক্রমে** যে সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন হয়নি, সংশ্লিষ্ট কলেজ সে সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা **এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।**

চ) **জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/অনিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ছ) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে প্রদর্শিত ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে "মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা" এ বর্ণিত অন্যান্য শর্তাবলী ও নির্দেশনা বহাল থাকবে।

২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) প্রতিটি কলেজের জন্য বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরী করে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে **মাস্টার্স (নিয়মিত)** প্রোগ্রামে প্রার্থীদের বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) আবেদনকারী প্রার্থীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা ঐ কলেজে আবেদন করে থাকলে ভর্তির জন্য প্রথমে সে সকল প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য প্রার্থীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে।

গ) **একই কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম নির্ধারণ করা হবে।**

ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, রিলিজ স্লিপ এবং কোটা মাধ্যমে প্রকাশ করা হবে।

ঙ) প্রতিটি কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এবং SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৩। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** Masters tab এ গিয়ে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক পর্যায়ের পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্য এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে প্রার্থী তার ভর্তি যোগ্য (**Eligible**) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে।এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (**Ward**) কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Masters Applicant's Login** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change** অপশনে গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফরমের ছবি ও তথ্য মিলিয়ে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে অন্যথায় **ত্রুটিপূর্ণ ছবি ও ভুল তথ্যের কারণে প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানতে পারবে।

৪। **রিলিজ স্লিপ এ ভর্তির আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী আলাদাভাবে **তিনটি কলেজে** ভর্তি যোগ্য বিষয় নির্ধারণ করে রিলিজ স্লিপ এর জন্য আবেদন করতে পারবে।

৫। কলেজ **কর্তৃপক্ষের করণীয়**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য **College (Postgraduate) Login** অপশনে ক্লিক করে **login** করবে। প্রাথমিক আবেদন ফরম ও চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate OTP** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে /কলেজের **e-mail** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে প্রার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।**

ঘ) সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের "ভর্তি ফান্ড" খাতের সঞ্চয়ী হিসাব নম্বও **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

▸▸ **এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

১২/১১/১৭

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং-১৬(৭৫১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৫-২০১৬/৪০৭৮ তারিখ: ২১/১১/২০১৭

বিতরণঃ

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

১২/১১/১৭

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।*